



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

ফোনঃ ৯২৯১০১৬
ফ্যাক্সঃ ৯২৯১০৩৭

সূত্র নং-০১(৩৫৯) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৬/১/১৫৬৯

তারিখ: ০৩/০১/২০১৬

অধ্যক্ষ
সকল অধিভুক্ত আর্ট কলেজ/ইনস্টিটিউট
জাতীয় বিশ্ববিদ্যালয়।

বিষয় : সমাবর্তনের লোগো ডিজাইন আহ্বান।


মহোদয়

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী নভেম্বর মাসে বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে এ মাসেই সমাবর্তনের জন্য নির্ধারিত ওয়েব সাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন আহ্বান করা হবে। জাতীয় বিশ্ববিদ্যালয় ২৩ বছর পূর্বে প্রতিষ্ঠিত হলেও অদ্যাবধি এ বিশ্ববিদ্যালয়ের কোনো সমাবর্তন অনুষ্ঠিত হয়নি। প্রথম সমাবর্তন হওয়ায় বিপুল সংখ্যক গ্রাজুয়েট এতে অংশগ্রহণ করবেন বলে মনে করা যায়। তাই, সমাবর্তনের প্রধান ভেন্যু হিসাবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রকে নির্বাচন করা হলেও একই সঙ্গে দেশের বিভাগীয় শহরগুলোতেও ডিজিটাল পদ্ধতিতে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থায় সাব-ভেন্যু করা আবশ্যিক হবে। আমাদের ধারণা, বিভিন্ন কারণে এটি হবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে একটি নিজস্ব সৃষ্টিকারী ঘটনা।

বর্ণিত প্রথম সমাবর্তন অনুষ্ঠানের ওয়েব সাইট, ব্যানার, মিডিয়া কনটেন্ট, লেটার হেড প্যাড, সুভোনির, প্রকাশনা ও উপহার সামগ্রী ইত্যাদিতে ব্যবহারের জন্য সৃজনশীল লোগো ডিজাইন করা আবশ্যিক। জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত আর্ট কলেজ/চারুকলা ইনস্টিটিউটসমূহের শিক্ষা কার্যক্রম যেহেতু এ ধরনের সৃজনশীল কর্মকাণ্ডের পর্যায়ভুক্ত সেজন্য কর্তৃপক্ষ তাদের কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনের জন্য লোগো ডিজাইন আহ্বান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, আপনার কলেজ/ইনস্টিটিউট এর পক্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রথম সমাবর্তন এর লোগো ডিজাইন করে আগামী ১০/০১/২০১৬ তারিখের মধ্যে ৫"X৭" সাইজে হার্ড/সফট কপিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্বাচিত শ্রেষ্ঠ লোগো ডিজাইনের সম্মানসূচক স্বীকৃতি প্রদান করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়

মোবাইল- ০১৭১১ ৮৮ ৯৯ ৬৯

e-mail: registrar_nu92@yahoo.com

তারিখ: ০৩/০১/২০১৬

সূত্র নং-০১(৩৫৯) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৬/১/১৫৬৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রকাশ এবং গ্রুপ ই-মেইলের মাধ্যমে অধিভুক্ত সকল অধিভুক্ত আর্ট কলেজ/ইনস্টিটিউটকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
৩. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. অফিস কপি।

(জয়ন্ত ভট্টাচার্য)

উপ-রেজিস্ট্রার (পরিষদ)

ফোন- ৯২৯১০৫১

মোবাইল- ০১৭৭৭৭৮৯০৪৮

e-mail: council_nu@yahoo.com

